# Sanatan Dharma

---

**ভাব সমাধি কাকে বলে ??**

ভাব সমাধি কাকে বলে ??
উত্তর:-
আমাদের মূল স্বভাব ও স্বরূপ হলো যে আমরা জীবাত্মা l একমাত্র কোনো জীবাত্মা যখন উপরুক্ত 7 প্রকারের ভাব এর মধ্যে কোনো এক প্রকার ভাব যুক্ত হয়ে পরমাত্মায় (ইষ্টদেব) যুক্ত হয়ে অনবরত স্বরূপ ভাবে স্হিতি লাভ করতে সমথ হয় , আর তখন যে সমাধি অবস্থা লাভ হয় তাকে ভাবসমাধি বলে l যখন তখন ভাবসমাধিতে প্রবেশ শক্তি অবশ্য তখনি আসে যখন সাধক প্রথমে "সবিকল্পসমাধি" তারপর "নির্বিকল্পসমাধি" তারপর "নির্বীজসমাধি" স্তর এ যেতে সমর্থ হয় ,তারপর এবং তখনি সাধক যখন তখন ভাবসমাধিতে প্রবেশ করার শক্তি লাভ করতে পারে l অর্থাৎ পূর্ণ মোক্ষ লাভ করার পরই কোনো সাধক যখন তখন ভাবসমাধিতে প্রবেশ শক্তি প্রাপ্ত হয় , তার আগে কোনো কারণেই যখন তখন ভাবসমাধিতে প্রবেশ শক্তি প্রাপ্ত হয় না l ভাবসমাধি হলো পূর্ণ ব্রহ্মজ্ঞান ও পূর্ণ মোক্ষ প্রাপ্তি এর পর "ভাব সহযোগে ইষ্টদেব এর প্রতি পরাভক্তি বা প্রেম " l ইহা শাস্ত্র মতে অতি উচ্চ সাধন অবস্থা l

Published on: Nov, 14 2023 10:08